

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি বিশ্ববিদ্যালয় (শাখা-১)
Web site : www.moedu.gov.bd

নং-শিম/শা:১৮/বা:ক:বি:-১/২০১৪/১০১


তারিখ: ১৪ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ
২৮ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. মো: রফিকুল ইসলামকে “FY 2017 JSPS (Japan Society for the Promotion of Science) Invitational Fellowship for research in Japan (long-term)” এর আওতায় জাপানের Okayama National University-তে পোস্ট-ডক্টরাল গবেষণার জন্য আগামী ৩১/০৫/২০১৭ হতে ৩১/৩/২০১৮ তারিখ পর্যন্ত ১০ (দশ) মাস ০১ (এক) দিন পোস্ট-ডক্টরাল শিক্ষাছুটি মঞ্জুরসহ নিম্নবর্ণিত শর্তে জাপান গমন ও অবস্থানের অনুমতি প্রদান করতে সরকার সম্মত হয়েছে।

- (ক) এ ভ্রমণে বাংলাদেশ সরকার বা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- (খ) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাকে বিধি মোতাবেক ছুটি মঞ্জুর করবে;
- (গ) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাঁর সাথে প্রয়োজনীয় চুক্তি সম্পাদন করবে এবং মন্ত্রণালয়কে অবহিত করবে;
- (ঘ) ছুটি শেষ হওয়ার সাথে সাথে তিনি দেশে ফিরে কাজে যোগদান করবেন এবং মন্ত্রণালয়কে অবহিত করবেন;
- (ঙ) তাঁর অনুপস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমে কোন বিঘ্ন সৃষ্টি হবে না, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ-কে তা নিশ্চিত করতে হবে;
- (চ) বিশ্ববিদ্যালয় হতে তাঁর ছুটির সুপারিশ করায় এ বিষয়ে সার্বিক দায়দায়িত্ব বিশ্ববিদ্যালয়ের উপর বর্তাবে;
- (ছ) সিডিকেট কর্তৃক ছুটি অনুমোদনের কপি মন্ত্রণালয়ে প্রেরণ করে নিশ্চিত করতে হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


(আবদুস সাত্তার মিয়া)
সহকারী সচিব (স:বি:-১)
ফোন : ৯৫৭২১৮৫ (অনুরোধে)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
- ৪। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। ড. মো: রফিকুল ইসলাম, প্রফেসর, মৃত্তিকা বিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
- ৭। রেজিস্ট্রার, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
- ৮। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৯। উপ-পরিচালক, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(এ আদেশটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)